

15. APR. 20. 3
 ৯

নকলে সহায়তা ও ভুল তথ্য প্রদানের জন্য শেরপুরে ৬ মাদ্রাসা শিক্ষক বহিষ্কার

শেরপুর থেকে নিম্ন স্ববাদনাতা :
 কর্তব্যে অবহেলা করে মাদ্রাসাগুলিকে ভুল তথ্য
 প্রদানের মাধ্যমে নকলে সহায়তার অভিযোগে
 শেরপুরে দাখিল পরীক্ষায় কর্তব্যরত ৬ মাদ্রাসা
 শিক্ষককে কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়েছে।
 সেই সাথে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা
 গ্রহণের জন্য সশ্রুতি কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান
 করা হয়েছে। ৩১শে মার্চ সোমবার শেরপুর
 এটিআই দাখিল পরীক্ষা উপকেন্দ্রে এ ঘটনা
 ঘটে।

এ ঘটনায় আঞ্চলিক এডিসি (সার্বিক)
 কেন্দ্রে কর্তব্যরত ৬ মাদ্রাসা শিক্ষককে মিথ্যা
 তথ্য প্রদান, নকলে সহায়তা ও কর্তব্যে
 অবহেলার দায়ে কেন্দ্র থেকে বহিষ্কার করে
 বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সশ্রুতি মাদ্রাসার
 সভাপতিদের নির্দেশ দেন।

বহিষ্কৃত মাদ্রাসা শিক্ষকরা হলেন কুমরী
 তেখরিয়া মাদ্রাসার বোরশেদ আলম এবং
 আবদুল কাদের, ফসিহউল উলুম মাদ্রাসার
 আনোয়ার হোসেন, আল-আমিয়াতুল
 ইসলামিয়ায় রফিক উদ্দিন, চরশেরপুর শিকেটি
 মাদ্রাসার মোজাম্মেল হক ও যোগড়া
 কামারপাড়া মাদ্রাসার নূর মোহাম্মদ।

প্রত্যক্ষদর্শীরা জানান, সোমবার দাখিল
 আঞ্চলিক বাংলা পরীক্ষা চলাকালে দ্বিতীয়
 ঘণ্টাপেয়ে শেরপুর এটিআই উপকেন্দ্রে এডিসি
 (সার্বিক) রফিকুল আনোয়ারুল ইসলাম
 পরিদর্শনে যান। এ সময় কেন্দ্রে কর্তব্যরত
 পরিদর্শকরা তাকে জানান, খুব সুন্দরভাবে
 নকলসহ পড়িবেশে পরীক্ষা চলছে; এবং
 ছাত্রছাত্রীদের সার্চ করে হলে ডোকানো হয়ে
 কিছু তিনি হলে ঢুকেই দেখেন বিপন্নিত চিত্র।
 অবাধে চলছে নকল। একজনকে তিনি
 হাতেদস্তাবে নকলসহ ধরে বহিষ্কার করেন।
 পরে পরীক্ষা কেন্দ্রে ছাত্রছাত্রীদের কাছ থেকে
 ২ ব্যাপ নকল উদ্ধার করেন।